



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
প্রশাসন শাখা  
www.probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০১.১৭.৮১৫

তারিখ : ২১ অক্টোবর ২০২০ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগের কর্মবন্টন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী শাখা/অধিশাখা/অনুবিভাগের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিদ্যমান কর্মবন্টনটি হালনাগাদ করা হয়েছে এবং তা মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত কর্মবন্টনটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত কর্মবন্টন অনুযায়ী প্রতিটি অনুবিভাগ প্রধান তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সভা করে তাঁদের নিজ নিজ শাখা/অধিশাখাভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করবেন এবং সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় (তারিখ ও সময় নির্ধারণপূর্বক জানিয়ে দেয়া হবে) গৃহীত কর্মপরিকল্পনা উপস্থাপন করবেন।

২। বর্ণিতাবস্থায়, নতুন কর্মবন্টনের আলোকে স্ব-স্ব শাখা/অধিশাখা/অনুবিভাগ থেকে নথি ব্যবস্থাপনাসহ অন্যান্য কার্যক্রম গ্রহণপূর্বক কর্মপরিকল্পনা নির্ধারণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মনির হোসেন চৌধুরী

উপসচিব

ফোন : ৪১০৩০২৪১

ই-মেইল: dsadmin@probashi.gov.bd

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
৪. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৭. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. অফিস কপি

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগের কর্মবন্টন

### **প্রশাসন ও অর্থ অনুবিভাগ (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব)**

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রশাসন ও অর্থ অনুবিভাগাধীন সকল অধিশাখা এবং শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিলের যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব ।

### **প্রশাসন ও সেবা অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)**

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রশাসন- ১, ২ ও ৩ শাখা, সেবা ও প্রটোকল শাখা, সংসদ ও সমন্বয় শাখা, আইসিটি শাখা এবং লাইব্রেরি শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### **বাজেট ও কর্মসম্পাদন অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)**

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী বাজেট শাখা, অডিট শাখা এবং কর্মসম্পাদন শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব ।

### **প্রশাসন-১ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)**

- ১। মন্ত্রণালয়ের নতুন পদসৃজন, পদ সংরক্ষণ, স্থায়ীকরণ ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ;
- ২। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর সংস্থাপন, প্রশাসন ও শৃঙ্খলা বিষয়ক কার্যাদি;
- ৩। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব এবং অন্যান্য কর্মকর্তার বিদেশ ভ্রমণ, প্রশিক্ষণ, সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রস্তাব/সরকারী আদেশ জারি এবং মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তার বিদেশ ভ্রমণের আদেশ জারি;
- ৪। কল্যাণ কর্মকর্তা হিসেবে পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৫। মন্ত্রণালয়ে আগত সকল ডাক (পত্র) গ্রহণ ও ডেকেটকরণ, প্রাপকের নিকট প্রেরণ এবং মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের যাবতীয় গুরুত্বপূর্ণ ফোল্ডার (যেমন: কেবিনেট ফোল্ডার, একনেক ফোল্ডার, অর্থনৈতিক ক্রয় সংক্রান্ত ফোল্ডার) পাওয়া মাত্র সংশ্লিষ্ট দপ্তরে হস্তান্তরকরণ;
- ৬। মন্ত্রণালয়ের সকল প্রকার ডাক (পত্র) প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৭। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### **প্রশাসন-২ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)**

- ১। মন্ত্রণালয়ের গেজেটেড/নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ২। মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পদায়ন সংক্রান্ত কার্যাবলি;
- ৩। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতা, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি, বহিঃবাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি), সাধারণ ভবিষ্য তহবিল, ঋণ মঞ্জুরি সংক্রান্ত কার্যাবলি;
- ৪। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত ক্যাডার কর্মকর্তাগণের ক) যোগদান/অবমুক্তি, খ) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি, গ) বহিঃবাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি), ঘ) সাধারণ ভবিষ্য তহবিল, ঙ) ঋণ মঞ্জুরি সংক্রান্ত কার্যাবলি;

- ৫। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর বহিঃবাংলাদেশ (অর্জিত ছুটি)/বিদেশ সফর/বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা ছুটি/লিয়েন ইত্যাদি সংক্রান্ত কার্যাবলি;
- ৬। ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত কার্যাবলি;
- ৭। বিভিন্ন মন্ত্রণালয়ের সভা/প্রশিক্ষণ/কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত কার্যাবলি;
- ৮। বিভিন্ন পদকের জন্য কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন প্রদান সংক্রান্ত কার্যাবলি;
- ৯। দেশের অভ্যন্তরে সকল প্রকার প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনারে কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন এবং প্রশিক্ষণ ফি প্রদান সংক্রান্ত আর্থিক মঞ্জুরি;
- ১০। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### প্রশাসন-৩ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্যে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ ও পুনঃঅর্পণ আদেশ সংক্রান্ত কার্যাবলি;
- ২। মন্ত্রণালয়ের কর্মবন্টন নির্ধারণ ও শাখাসমূহের মধ্যে সমন্বয় সাধন;
- ৩। আন্তর্জাতিক অভিবাসী দিবসসহ অন্যান্য সকল জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত প্রশাসনিক কার্যাবলি;
- ৪। জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে দুর্যোগকালীন সময়ে জরুরি সভা আহ্বান সংক্রান্ত কার্যাবলি;
- ৫। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### সেবা ও প্রটোকল শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। মন্ত্রণালয়ের প্রটোকল সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ২। প্রটোকল বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দূতাবাসের সাথে যোগাযোগ;
- ৩। দেশি-বিদেশী অতিথিদের অভ্যর্থনা ও বিদায়সহ যাবতীয় ব্যবস্থাপনা;
- ৪। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ সংক্রান্ত লজিস্টিক সহায়তা;
- ৫। মন্ত্রণালয়ের সকল সাধারণ সেবা সংক্রান্ত কার্যাবলি;
- ৬। মন্ত্রণালয়ের স্টোর, স্টেশনারী ও আসবাবপত্র ক্রয়, সরবরাহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ;
- ৭। মন্ত্রণালয়ের প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণকে সরকারী খরচে পত্রিকা ও ম্যাগাজিন সরবরাহ এবং দাপ্তরিক ও আবাসিক টেলিফোন ব্যবস্থাপনা ও বিল পরিশোধ সংক্রান্ত কার্যাদি;
- ৮। মন্ত্রণালয়ের আধুনিকায়ন ও সেবা সহজীকরণে ডিজিটাল প্রযুক্তির সংযোজন সংক্রান্ত ব্যবস্থাপনা;
- ৯। মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয়ের লক্ষ্যে দরপত্র আহ্বান সংক্রান্ত কার্যাবলি;
- ১০। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দ ও মন্ত্রণালয়ের কক্ষ বরাদ্দ এবং সজ্জিতকরণ;
- ১১। মন্ত্রণালয়ের যানবাহন ক্রয়, রক্ষণাবেক্ষণ, মেরামত ও জ্বালানীর ব্যবস্থাকরণ;
- ১২। মন্ত্রণালয়ের বনভোজন, বর্ষবরণ, ক্রীড়া ও খেলাধুলা সংক্রান্ত বিষয়াদি;
- ১৩। আন্তর্জাতিক অভিবাসী দিবসসহ অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনে যাবতীয় ব্যয় ব্যবস্থাপনা;
- ১৪। মন্ত্রণালয়ের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও সময়সূচী অনুযায়ী বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলি;
- ১৫। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## সংসদ ও সমন্বয় শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা/নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- ২। জাতীয় সংসদের প্রশ্নোত্তরসহ সংসদ বিষয়ক অন্যান্য কার্যাবলি;
- ৩। কাউন্সিল কর্মকর্তা/বিকল্প কাউন্সিল কর্মকর্তা/কাউন্সিল সহকারী নিয়োগ এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সংসদে যাতায়াতের পাস সংগ্রহ ইত্যাদি;
- ৪। মন্ত্রণালয়ের সমন্বয় সভা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৫। সচিব সভা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৬। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য দপ্তরের চাহিদা অনুযায়ী তথ্য সংগ্রহ (মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক), সংকলন ও প্রেরণ;
- ৭। জাতীয় সংসদে উপস্থাপনের জন্য মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী/মাননীয় মন্ত্রীর ভাষণ/মঞ্জুরি প্রস্তাব প্রস্তুতকরণ;
- ৮। মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদন প্রেরণ;
- ৯। জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং মাননীয় মন্ত্রী/সচিব মহোদয়ের ভাষণ সংক্রান্ত কার্যাবলি;
- ১০। মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত এবং ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত কার্যাবলি;
- ১১। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## আইসিটি শাখা (সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার)

- ১। মন্ত্রণালয়ের ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণ এবং ডাটাবেজ ব্যবস্থাপনা;
- ২। মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরসমূহের ওয়েব সাইটের সাথে সমন্বয়করণ এবং সার্ভার রুমের সাথে নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষাকরণ;
- ৩। শ্রম উইংসমূহের ওয়েব সাইটের সাথে সমন্বয়করণ সংক্রান্ত কার্যাদি;
- ৪। ই-ফাইলিং সংক্রান্ত কাজে কারিগরি সহায়তা প্রদান;
- ৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৬। প্রোগ্রামিং লজিক তৈরি, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;
- ৭। প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন , নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ৮। ই-গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধন ও সহায়তা প্রদান;
- ৯। এ মন্ত্রণালয়ের জন্য যথোপযুক্ত ডকুমেন্টারি নির্মাণে কারিগরি সহায়তা প্রদান;
- ১০। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা ও নিশ্চিতকরণ;
- ১১। মন্ত্রণালয়ের আয়োজিত সকল ভার্চুয়াল সভার কারিগরি সহায়তা প্রদান;
- ১২। সফটওয়্যার ও হার্ডওয়্যার রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩। নতুন কোন সফটওয়্যার ও হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি এ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ১৪। মন্ত্রণালয়ের জন্য আর্কাইভ প্রস্তুত ও ব্যবস্থাপনা;
- ১৫। আইসিটি সেলের ফোকাল পয়েন্ট হিসেবে যাবতীয় কার্যাবলীর সমন্বয় সাধন;
- ১৬। ই-টেন্ডারিং সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে সহায়তা প্রদান;
- ১৭। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### লাইব্রেরি শাখা (সহকারী লাইব্রেরিয়ান)

- ১। মন্ত্রণালয়ের লাইব্রেরিতে পুস্তক সংগ্রহ, কর্মকর্তা/কর্মচারীর নিকট চাহিদা মোতাবেক বিতরণ/সংগ্রহ ও সংরক্ষণ;
- ২। লাইব্রেরিতে রক্ষিত পুস্তকের ক্যাটালগ তৈরী ও সংরক্ষণ;
- ৩। মন্ত্রণালয়ের জন্য বই/সাময়িকী ক্রয়ের জন্য কার্যক্রম গ্রহণ;
- ৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের সাথে শাখা সংশ্লিষ্ট কার্যক্রম;
- ৫। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল পরিচালনা নীতিমালা, ২০১০ অনুযায়ী সকল কার্যাবলি সম্পাদন;
- ২। তহবিল পরিচালনা বোর্ডকে সার্বিক সহায়তা প্রদান;
- ৩। তহবিল পরিচালনা কমিটিকে সার্বিক সহায়তা প্রদান;
- ৪। তহবিলের অধীনে গৃহীতব্য বিভিন্ন কার্যক্রমসমূহের অগ্রগতি তদারকি ও মূল্যায়ন;
- ৫। সামগ্রিক ব্যয় অনুমোদন ও অর্থ ছাড়করণ সংক্রান্ত প্রস্তাব প্রণয়নপূর্বক বোর্ডের নিকট উপস্থাপন;
- ৬। তহবিলের অর্থে ক্রয়কৃত যানবাহন সমূহের যাবতীয় ব্যবস্থাপনা;
- ৭। তহবিল পরিচালনা নীতিমালার ব্যাখ্যা, আইনী কাঠামো, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ৮। অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিলের বাজেট বরাদ্দ সংক্রান্ত কার্যাবলি;
- ৯। গৃহীত প্রশিক্ষণ কর্মসূচীর অনুকূলে বাজেট বরাদ্দ এবং অনুমোদন, মনিটরিং ও মূল্যায়ন;
- ১০। তহবিলের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষা পূর্বক বার্ষিক বিবরণী প্রস্তুত;
- ১১। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### বাজেট শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী নতুন অর্থনৈতিক কোড খোলা ও বাজেট বরাদ্দ সংক্রান্ত কার্যাবলি;
- ২। iBAS++ এর বাজেট সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৩। MTBF প্রনয়ন সংক্রান্ত সার্বিক কার্যাবলি;
- ৪। নির্ধারিত সময়সীমার মধ্যে মন্ত্রণালয়ের রাজস্ব ও উন্নয়ন বাজেট /সংশোধিত বাজেট প্রণয়ন/পুনঃউপযোজন/অতিরিক্ত বরাদ্দ দাবী ইত্যাদি কার্যাদি;
- ৫। বিদেশস্থ শ্রম উইংসমূহের মূল/সংশোধিত বাজেট প্রণয়ন/পুনঃউপযোজন/অতিরিক্ত বরাদ্দের দাবী/অর্থ রেমিটকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- ৬। অধীনস্থ দপ্তর সংস্থার রাজস্ব ও উন্নয়ন বাজেট প্রণয়ন/সংশোধিত বাজেট/পুনঃউপযোজন/অতিরিক্ত বরাদ্দ দাবী;
- ৭। আন্তর্জাতিক অভিবাসী দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে মন্ত্রণালয়ের রাজস্ব খাত হতে (জেলা, উপজেলাসহ) সকল খাতের অর্থ ছাড় সংক্রান্ত কার্যাবলি;
- ৮। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### অডিট শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। হিসাব কোষের যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। মন্ত্রণালয়ের অডিট আপত্তি এবং সমন্বয়করণ সংক্রান্ত কার্যাবলি;
- ৩। শ্রম কল্যাণ উইংয়ের অডিট আপত্তি এবং সমন্বয়করণ সংক্রান্ত কার্যাবলি;
- ৪। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার অডিট আপত্তি এবং সমন্বয়করণ সংক্রান্ত কার্যাবলি;
- ৫। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ , বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### হিসাব কোষ (হিসাব রক্ষণ কর্মকর্তা)

- ১। মন্ত্রণালয়ের হিসাব সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ২। iBAS++ এ হিসাব ও রিপোর্ট সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৩। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সকল কর্মকর্তা-কর্মচারীর বেতন ও ভাতা বিল প্রক্রিয়াকরণ ও আইবাসের সাথে সমন্বয়করণ;
- ৪। কর্মচারীদের চাকুরী বহি এন্ট্রি ও যাচাইকরণ;
- ৫। ক্যাশ বই লিপিবদ্ধকরণ ও রক্ষণাবেক্ষণ;
- ৬। কর্মচারীগণের বেতনবহি তদন্ত ও পরীক্ষাকরণ;
- ৭। এজি অফিস থেকে আদায় ও খরচের নিরীক্ষার পূর্ণ বিবরণ সংগ্রহ ও সংরক্ষণ;
- ৮। মন্ত্রণালয়ের বাজেট প্রাক্কলন প্রণয়ন;
- ৯। মন্ত্রণালয়ের হিসাব সংক্রান্ত কার্যক্রম উন্নয়নে ভূমিকা পালন;
- ১০। হিসাব সংক্রান্ত মাসিক ও বার্ষিক রিপোর্ট প্রণয়ন ও সংরক্ষণ;
- ১১। নন-গেজেটেড কর্মচারীগণের ছুটির রিপোর্ট তৈরী ও প্রদান করা;
- ১২। উর্ধ্বতন কর্মকর্তাদের আর্থিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সহায়তা প্রদান;
- ১৩। ভ্রমণ সংক্রান্ত অগ্রিম, সাধারণ এবং সমন্বয় মঞ্জুরী ;
- ১৪। নন-গেজেটেড কর্মচারীগণের তদন্তসহ শেষ বেতনের প্রত্যয়ন পত্র প্রদান করা;
- ১৫। সিলেকশন গ্রেড/টাইমস্কেল (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদানের ক্ষেত্রে সার্ভিস বুক পরীক্ষা ও নির্ধারণের ফরম পরীক্ষাকরণ;
- ১৬। জিপি ফান্ড এবং গৃহ নির্মাণ, মোটরগাড়ী, মোটর সাইকেল, বাই সাইকেল, কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ অগ্রিমের বিল প্রস্তুতকরণ, পরিশোধকরণ এবং আদায়করণ;
- ১৭। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### কর্মসম্পাদন শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ২। জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৩। নাগরিক-সেবা উদ্ভাবন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৪। উদ্ভাবন উদ্যোগ সমূহের পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন, সম্প্রসারণ এবং পরিবীক্ষণ তত্ত্বাবধান;
- ৫। সেবা-পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৬। মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) হিসাবে দায়িত্ব পালন;

- ৭। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, **APA, NIS, GRS, RTI** ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### দপ্তর ও সংস্থার প্রশাসন অনুবিভাগ(যুগ্মসচিব/অতিরিক্ত সচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী দপ্তর ও সংস্থার প্রশাসন অনুবিভাগাধীন সকল অধিশাখা এবং শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### দপ্তর ও সংস্থা-১ অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী সংস্থাপন শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### দপ্তর ও সংস্থা-২ অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী শৃঙ্খলা, বিধি ও মতামত শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### সংস্থাপন শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। বিএমইটি'র ক্যাডার বহির্ভূত কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদায়ন, পদোন্নতি, বদলি সংক্রান্ত কার্যাবলি;
- ২। বিএমইটি'র ক্যাডার বহির্ভূত কর্মকর্তা/কর্মচারীদের সংস্থাপন/প্রশাসন/বেতন-ভাতা, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি, জিপি ফান্ড, ঋণ মঞ্জুরি/নিয়োগ/পদোন্নতি/বদলি/ টাইমস্কেল সিলেকশন গ্রেড মঞ্জুরি (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত কার্যাবলি;
- ৩। UNCC বাজেট সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৪। বিএমইটি এবং এর অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের পদ সৃজন, সংরক্ষণ এবং স্থায়ীকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- ৫। বিএমইটি'র অধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের পদ সৃজন;
- ৬। বোয়েসেল এবং ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তাদের সংস্থাপন এবং প্রশাসনিক বিষয়াদি;
- ৭। প্রবাসী কল্যাণ ব্যাংক সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- ৮। অধীনস্থ সকল সংস্থার ক্যাডার বহির্ভূত কর্মকর্তা/কর্মচারীদের বহিঃবাংলাদেশ (অর্জিত ছুটি)/বিদেশ সফর/বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা ছুটি/লিয়েন ইত্যাদি সংক্রান্ত কার্যাবলি;
- ৯। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক ও অন্যান্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় এবং আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পন/পুনঃঅর্পন সংক্রান্ত কার্যাবলি;
- ১০। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, **APA, NIS, GRS, RTI** ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। বিএমইটি'র ক্যাডার বহির্ভূত কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগবিধি প্রণয়ন ও হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি;
- ২। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ক্যাডার বহির্ভূত কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলা বিষয়ক কার্যাবলি;
- ৩। বিএমইটি'র সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি;

- ৪। উন্নয়ন প্রকল্প পরিদর্শন, নতুন প্রকল্প গ্রহণের সুপারিশ/মতামত প্রদান সংক্রান্ত কার্যাবলি;
- ৫। প্রবাসী কল্যাণ ব্যাংক সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা, প্রজ্ঞাপন ও কর্মপরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত কার্যাবলি;
- ৬। কল্যাণ বোর্ড সম্পর্কিত মাঠ পর্যায়ের প্রশাসনিক অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ;
- ৭। অভিবাসন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য জেলা পর্যায়ের জনশক্তি অফিসের মাধ্যমে সচেতনতামূলক যে কোন কর্মসূচির তত্ত্বাবধান;
- ৮। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর ও বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিসসহ অধীনস্থ দপ্তর/সংস্থা নিয়মিত পরিদর্শন;
- ৯। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

### মিশন ও কল্যাণ অনুবিভাগ (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী মিশন ও কল্যাণ অনুবিভাগাধীন সকল অধিশাখা এবং শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

### মিশন অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী মিশন-১ শাখা ও মিশন-২ শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

### কল্যাণ অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী কল্যাণ-১ শাখা ও কল্যাণ-২ শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

### মিশন-১ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। বিদেশস্থ বাংলাদেশ মিশনে 'শ্রম কল্যাণ উইং' সৃজন সংক্রান্ত প্রস্তাব প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ;
- ২। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ;
- ৩। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে রাজস্ব বাজেটের অধীন ১ম শ্রেণীর পদে কর্মকর্তাদের নিয়োগ, বদলী ও পদায়ন;
- ৪। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে রাজস্ব বাজেটের অধীন স্থানীয় ভিত্তিক কর্মচারীর নিয়োগ অনুমোদন ও প্রশাসনিক ব্যবস্থাপনা;
- ৫। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে রাজস্ব বাজেটের অধীন ১ম শ্রেণীর পদে কর্মকর্তাদের প্রশাসনিক ও শৃঙ্খলাজনিত (বদলী ব্যয়, বাড়ি ভাড়া সংক্রান্ত, ছুটি ইত্যাদি) সংক্রান্ত কার্যক্রম;
- ৬। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ের কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত APPs প্রণয়নের উদ্যোগ গ্রহণ ও ব্যবস্থাপনা;
- ৭। বিভিন্ন দেশের জাতীয় দিবসসমূহের ক্যালেন্ডার সংরক্ষণ ও ঐ দিবসসমূহে মাননীয় মন্ত্রী, সচিবের শ্রেণিতে প্রেরণের উদ্যোগ গ্রহণ;
- ৮। শ্রম কল্যাণ উইং-এ নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ/শ্রম কল্যাণ সম্মেলন অনুষ্ঠান সংক্রান্ত কার্যাবলি;
- ৯। শ্রম উইংয়ের মাসিক, ত্রৈমাসিক, বার্ষিক রিপোর্ট সংগ্রহ, উপস্থাপন, প্রকাশনা সংক্রান্ত কার্যাদি;
- ১০। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।



**মিশন-২ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)**

- ১। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে রাজস্ব বাজেটের অধীন ২য় ও ৩য় শ্রেণীর কর্মচারীদের বদলী ও পদায়ন;
- ২। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ে রাজস্ব বাজেটের অধীন ২য় ও ৩য় শ্রেণীর কর্মচারীদের প্রশাসনিক ও শৃঙ্খলাজনিত (বদলী ব্যয়, বাড়ি ভাড়া সংক্রান্ত, ছুটি ইত্যাদি) কার্যক্রম;
- ৩। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ের অনুকূলে বাজেট বরাদ্দ ও ব্যবস্থাপনা;
- ৪। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ের বার্ষিক কর্মপরিকল্পনা (APA) প্রণয়ন;
- ৫। বিদেশস্থ শ্রম কল্যাণ উইংয়ের পরিদর্শন, পরিকল্পনা গ্রহণ, মনিটরিং ও মূল্যায়নকরণ;
- ৬। বৈধপথে রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমন্বয়করণ;
- ৭। প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগ উৎসাহিতকরণ সংক্রান্ত কার্যাবলি তদারকি;
- ৮। প্রবাসী বাংলাদেশি অরাজনৈতিক সংগঠনের সাথে যোগাযোগ রক্ষাকরণ সংক্রান্ত কার্যাবলি তদারকি;
- ৯। প্রবাস হতে রেমিটেন্স দ্রুত প্রাপ্তির বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানের সাথে সার্বিক যোগাযোগ রক্ষাকরণ সংক্রান্ত কার্যাবলি তদারকি;
- ১০। রেমিটেন্স গ্রহীতাদের বিনিয়োগ কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত কার্যাবলি তদারকি;
- ১১। মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের শ্রম উইংসমূহের কার্যক্রম পরিদর্শন ও রিপোর্টের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ;
- ১২। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ , বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

**কল্যাণ-১ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)**

- ১। অভিবাসী বাংলাদেশি কর্মীদের কল্যাণার্থে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এবং প্রবাসী কল্যাণ ব্যাংক সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা, প্রজ্ঞাপন ও কর্মপরিকল্পনা ইত্যাদি প্রনয়ন;
- ২। প্রবাসে কর্মরত অভিবাসী বাংলাদেশি কর্মীর অধিকার সংরক্ষণ ও কল্যাণ সংক্রান্ত কার্যাদি তত্ত্বাবধান;
- ৩। প্রবাস ফেরৎ অভিবাসী কর্মীর কল্যাণ সংক্রান্ত কার্যাদি তত্ত্বাবধান;
- ৪। বিদেশগামী অভিবাসী কর্মীদের স্বার্থ সংশ্লিষ্ট কার্যক্রম;
- ৫। নারী অভিবাসী কর্মীর অধিকার সংরক্ষণ ও কল্যাণ সংক্রান্ত কার্যাদি তত্ত্বাবধান;
- ৬। প্রবাসে অসুস্থ, পঞ্জু, প্রতারিত, নির্যাতিত ও যৌন হয়রানির শিকার কর্মীকে দেশে ফেরত আনা, ক্ষতিপূরণ ও অন্যান্য আর্থিক সাহায্য আদায়/অসুস্থ কর্মীদের চিকিৎসা সাহায্য প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- ৭। প্রবাসে মৃত বাংলাদেশি অভিবাসী কর্মীর মৃতদেহ দেশে ফেরত আনা, মৃতদেহ পরিবহন ও দাফনবাবদ আর্থিক, কর্মীর প্রাপ্য বকেয়া বেতন/ভাতা/ইন্সুরেন্স/মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়/প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- ৮। দেশে অবস্থানরত অভিবাসী কর্মীর পরিবারের কল্যাণ ও স্বার্থ সংশ্লিষ্ট কার্যক্রম তত্ত্বাবধান;
- ৯। বিদেশগামী অভিবাসী কর্মীদের বীমা সংক্রান্ত কার্যক্রম;
- ১০। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অর্থায়নে মিশনসমূহে সম্পদ সংগ্রহ/হ্রাস/পুনঃসংগ্রহ/সংযোজন/বিয়োজন/প্রতিস্থাপনের নিমিত্ত আর্থিক ব্যয় সংক্রান্ত প্রস্তাব অনুমোদন/নির্দেশনা প্রদান সংক্রান্ত কার্যক্রম এবং ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অর্থায়নে মিশনসমূহে বাজেট বরাদ্দ প্রদান ও ব্যয় অনুমোদন;
- ১১। বিদেশস্থ বাংলাদেশ মিশনে বাংলাদেশি স্কুলের জমি ক্রয়, ভবন নির্মাণ ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদান, অনুমোদন ও তত্ত্বাবধান;
- ১২। অভিবাসী কর্মী ও তাঁর পরিবারের আর্থিক, আইনগত ও অন্যান্য সহায়তা সংক্রান্ত আবেদন/অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ;
- ১৩। অভিবাসী কর্মীর বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত কার্যক্রম;
- ১৪। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

## কল্যাণ-২ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। বিদেশ ফেরৎ অভিবাসী কর্মীর ডাটাবেজ প্রণয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- ২। বিদেশ ফেরৎ অভিবাসী কর্মীদের রি-ইন্টিগ্রেশন সংক্রান্ত কার্যাদি;
- ৩। বৈশ্বিক মহামারী/দুর্যোগ/ বিশেষ জরুরি পরিস্থিতিতে অভিবাসী কর্মী ও তাঁর পরিবারের কল্যাণার্থে উদ্যোগ গ্রহণ;
- ৪। অনিবাসী বাংলাদেশিগণকে বিনিয়োগে উৎসাহিতকরণ ও রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন;
- ৫। রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন;
- ৬। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (রিক্রুটিং এজেন্ট) গণের প্রাপ্য সুবিধাদি প্রদান সংক্রান্ত বিষয়াদি, অভিযোগ নিষ্পত্তি ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি তত্ত্বাবধান;
- ৭। অভিবাসী কর্মী ও তাঁর পরিবারের কল্যাণার্থে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম এবং কল্যাণ তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি তত্ত্বাবধান;
- ৮। বিদেশস্থ বাংলাদেশ মিশনে কর্মরত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আওতাধীন কর্মকর্তা/ কর্মচারীদের নিয়োগ/ বদলি/ পদায়ন/ ফেরত আনয়ন/ আর্থিক, প্রশাসনিক ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম;
- ৯। অভিবাসী কর্মীদের কল্যাণার্থে ILO, IOM, UN Women, ICMPD, সহ সিভিল সোসাইটি এবং বিভিন্ন এনজিও কর্তৃক গৃহীত কার্যক্রমে সহযোগীতা/সমন্বয়;
- ১০। অভিবাসী কর্মী ও তাঁর পরিবারের কল্যাণার্থে APPs প্রণয়নের উদ্যোগ গ্রহণ ও ব্যবস্থাপনা;
- ১১। প্রবাসীদের জন্য ভবিষ্যতে অধিকতর সুবিধা প্রদানের বিষয়াদি নিষ্পন্নকরণ সংক্রান্ত কার্যাবলি।
- ১২। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ , বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, APA, NIS, GRS, RTI ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ১৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।

## কর্মসংস্থান অনুবিভাগ (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মসংস্থান অনুবিভাগাধীন সকল অধিশাখা ও শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## কর্মসংস্থান-১ অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মসংস্থান-১, ২ ও ৩ শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## কর্মসংস্থান-২ অধিশাখা (যুগ্মসচিব/উপসচিব)

- ১। সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মসংস্থান-৪, ৫ ও ৬ শাখার যাবতীয় কার্যাবলি তত্ত্বাবধান;
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## কর্মসংস্থান-১ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। ইংরেজী বর্ণমালার A-D আদ্যাঙ্করের রিক্রুটিং এজেন্সিসমূহের কর্মী নিয়োগের চুক্তিপত্র সত্যায়ন বাছাই /নিয়োগ অনুমতি (পুরুষ/মহিলা) প্রদান সম্পর্কিত কার্যক্রম ;
- ২। ইংরেজী বর্ণমালার A-D আদ্যাঙ্করের দেশসমূহে সেন্ডিং অর্গানাইজেশন নির্বাচন সংক্রান্ত কার্যাবলি;
- ৩। ইংরেজী বর্ণমালার A-D আদ্যাঙ্করের বিভিন্ন দেশের শ্রমবাজারের সম্ভাবনা ও সুযোগ অনুসন্ধান সংক্রান্ত কার্যাবলি;
- ৪। কর্মসংস্থান সংক্রান্ত অন্যান্য অভিযোগ নিষ্পত্তি বিষয়ক কার্যক্রম;
- ৫। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস /হাইকমিশন এর শ্রম উইংসমূহের কর্মসংস্থান সম্পর্কিত প্রতিবেদন/তথ্যাদি পর্যালোচনা ও উপস্থাপনা;

- ৬। বিএমইটি কর্তৃক প্রকাশিত অভিবাসন ও রেমিটেন্স সংক্রান্ত প্রতিবেদন (ইংরেজী বর্ণমালার **A-D** আদ্যক্ষর) পর্যালোচনাপূর্বক সভায় উপস্থাপন;
- ৭। বাংলাদেশ হতে কর্মী গ্রহণকারী দেশ তথা: বুনাই, দক্ষিণ কোরিয়া, হংকং, থাইল্যান্ড, সুইজারল্যান্ড, স্পেন, ভিয়েতনাম, চীন, নরওয়ে, পর্তুগাল, রোমানিয়া, সুইডেন, ফিনল্যান্ড, যুক্তরাজ্য এর সাথে চুক্তি/সমঝোতা স্মারক (MoU/MoC/BLA/ALC) সংক্রান্ত প্রশাসনিক কার্যাদি সম্পাদন এবং এতদসংক্রান্ত জয়েন্ট কমিটির সভা আয়োজন ও সফর সংক্রান্ত কার্যাবলি।
- ৮। শাখা সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ ও আওতাধীন দপ্তরসমূহ হতে চাহিত তথ্যাদি, **APA, NIS, GRS, RTI** ইত্যাদি সংক্রান্ত চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট শাখা/ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যাবলি;
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

#### কর্মসংস্থান-২ শাখা (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)

- ১। ইংরেজী বর্ণমালার **E-L** আদ্যক্ষরের রিক্রুটিং এজেন্সিসমূহের কর্মী নিয়োগের চুক্তিপত্র সত্যায়ন বাছাই /নিয়োগ অনুমতি (পুরুষ/মহিলা) প্রদান সম্পর্কিত কার্যক্রম;
- ২। ইংরেজী বর্ণমালার **E-L** আদ্যক্ষরের দেশসমূহে সেভিং অর্গানাইজেশন নির্বাচন সংক্রান্ত কার্যাবলি;
